যুগান্তর

তারিখ ...............
পৃষ্ঠা ২ কলাম ৭

# ছাত্রলীগের ঢাবি উপাচার্য কার্যালয় ঘেরাও কর্মসূচি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র 'ডুকা' সচল করার দাবিতে এবং সরকারি চাকরিতে নিয়োগ বন্ধের সরকারি সিদ্ধান্তের প্রতিবাদে ছাত্রলীগ গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যালয় ঘেরাও কর্মসূচি পালন করেছে। ক্যাম্পাসে মিছিল শেষে বেলা সাড়ে ১১টায় তারা প্রশাসনিক ভবনের উপাচার্যের কার্যালয় গেটে অবস্থান নেয়। সংগঠনের অর্ধশতাধিক নেতাকর্মী এতে অংশ নেন। ঘেরাওকালীন সমাবেশে সভাপতিত্ব করেন ছাত্রলীগের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি বেগ শাহিন জাহান। বক্তৃতা করেন ভারপ্রাপ্ত সভাপতি মারুখা আক্তার পপি, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক সাইফুজ্জামান শিখর, সহ-সভাপতি একেএম আজিম এবং দেলোয়ার হোসেন।

বক্তারা বলেন, একদিকে সরকারি চাকরিতে নিয়োগের ওপর নিষেধাজ্ঞা আরোপ করে সরকার হাজার হাজার শিক্ষিতকে বেকারত্বের মুখে ঠেলে দিয়েছে। অন্যদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ডুকা বন্ধ করে দিয়ে ছাত্রছাত্রীদের প্রযুক্তি শিক্ষার পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে।